

নিয়োগ বিজ্ঞপ্তি:

তৃণমূল উন্নয়ন সংস্থা (টিইউএস), খাগড়াছড়ি পার্বত্য জেলার একটি স্থানীয় এনজিও, মানুষের জন্য ফাউন্ডেশন(এমজেএফ) এর কারিগরী সহযোগিতায় ও ইউরোপিয়ান ইউনিয়নের অর্থায়নে লক্ষীছড়ি উপজেলায় দারিদ্রতা হ্রাস এবং অতি দরিদ্র পরিবারের জীবনযাত্রার মান উন্নয়নের জন্য “পার্টনারশীপ ফর রিজিলিয়েন্ট লাইভলিহুড ইন সিএইচটি রিজিওন” শীর্ষক ৩৮ মাস মেয়াদী একটি প্রকল্প বাস্তবায়ন করতে যাচ্ছে। উক্ত প্রকল্পের আওতায় নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে লক্ষীছড়ি উপজেলার স্থায়ী বাসিন্দাদের কাছ থেকে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

পদের নাম: নিউট্রিশন আপা (০৬টি পদ: লক্ষীছড়ি সদর ইউনিয়ন-০২টি, দুলাতলী ইউনিয়ন-০২ এবং বর্মাছড়ি ইউনিয়ন-০২টি, শুধুমাত্র নারী প্রার্থীরা আবেদন করতে পারবেন)।

পদের গ্রেড/লেবেল: ই

চুক্তির ধরণ: ফিল্ড (প্রকল্প মেয়াদ)।

চাকরী স্থান: সংশ্লিষ্ট ইউনিয়ন/শাখা অফিস, তৃণমূল উন্নয়ন সংস্থা, লক্ষীছড়ি উপজেলা।

রিপোর্টিং টু: কমিউনিটি হেলথ প্রোমোটর ও প্যারামেডিক।

বেতন ও ভাতাদি: অনুমোদিত প্রকল্পের বাজেট অনুযায়ী।

প্রকল্পের মেয়াদ: ২৪ সেপ্টেম্বর ২০২৩ হতে ৩১ অক্টোবর ২০২৬ পর্যন্ত।

অভিজ্ঞতা: ন্যূনতম ০২ বছরের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

শিক্ষাগত যোগ্যতা: এইচএসসি পাশ।

অন্যান্য দক্ষতা:

- স্মার্টফোন/ট্যাবলেটেট ও ইন্টারনেট ব্যবহারের দক্ষতা থাকতে হবে।
- বেসরকারী উন্নয়ন সংস্থায় পুষ্টি বিষয়ক কার্যক্রম সম্পর্কিত অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- প্রতিবেদন তৈরী করার দক্ষতা থাকতে হবে।
- শারীরিক সক্ষমতা এবং দুর্গম এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
- লক্ষিত জনগোষ্ঠীদের সাথে সুসম্পর্ক ও যোগাযোগ স্থাপনের জন্য স্থানীয় ভাষায় পারদর্শী হতে হবে।

দায়িত্ব ও কর্তব্য:

নিউট্রিশন আপা এর দায়িত্ব ও কর্তব্য হবে নিম্নরূপ:

- ১) পাড়া পর্যায়ে পুষ্টি বিষয়ক সেশন পরিচালনা করার জন্য মা-শিশু দল এবং কিশোর-কিশোরী দল গঠনে সিএনএইচপিকে সহায়তা করা।
- ২) পাড়া পর্যায়ে মা-শিশু এবং কিশোর-কিশোরী দলের সাথে নিয়মিত পুষ্টি বিষয়ক সেশন পরিচালনা করা।
- ৩) পাড়া পর্যায়ে মাতৃদুগ্ধ পান, স্বাস্থ্যসেবা গ্রহন, পুষ্টিগুণ সম্পন্ন খাদ্য গ্রহণ, পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ক প্রচারণা ও একক বা দলীয়ভাবে গ্রামবাসীকে পরামর্শদান করা।
- ৪) গ্রামের কারবারী, মুরব্বী ও গণমান্যদের সাথে যোগাযোগ ও সমন্বয় রাখা।
- ৫) স্থানীয় পর্যায়ে সেবা প্রদানকারী কমিউনিটি ক্লিনিক এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কমিটির সদস্যদের সাথে নিয়মিত যোগাযোগ রাখা।
- ৬) পুষ্টি সেশন, আলোচনা সভা এবং বিভিন্ন দিবস পালন আয়োজন করার জন্য সিএনএইচপিকে সাহায্য করা।
- ৭) গুরুতর তীব্র অপুষ্টি (SAM) এবং মাঝারি তীব্র অপুষ্টি (MAM) শিকার শিশুদের সনাক্ত করতে সিএনএইচপিকে সহযোগীতা প্রদান করা।
- ৮) কর্ম এলাকায় নিয়মিত খানা/পরিবার পরিদর্শন করা।



TRINAMUL
UNNAYAN SANGSTHA
(An organisation for Community Development)

- ৯) মাঠ থেকে বিভিন্ন তথ্য-উপাত্ত সংগ্রহ করে সিএনএইচপি'র নিকট জমা দেয়া।
- ১০) মাসিক কর্ম-পরিকল্পনা তৈরী করা।
- ১১) মাসিক ও ইভেন্ট প্রতিবেদন তৈরী করা।
- ১২) সুপারভাইজার কর্তৃক অর্পিত যে কোন ধরনের কাজ সম্পাদন করা।

উপরোক্ত পদের জন্য আবেদন করতে হলে অনুগ্রহ করে আপনার আবেদনপত্রটি জীবনবৃত্তান্ত, ১কপি পিপি সাইজের রঙিন ছবি, সকল একাডেমিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, সার্কেল চীফের সনদপত্র, ইউনিয়ন পরিষদের সনদপত্রের ফটোকপিসহ আগামী ১৯ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে নিম্নোক্ত ঠিকানায় জমা দিন বা প্রেরণ করুন:
বরাবর, আহ্বায়ক, নিয়োগ কমিটি, তৃণমূল উন্নয়ন সংস্থা, মারমা সংসদ ভবন (২য় তলা), খাগড়াছড়ি পার্বত্য জেলা or email: tusrecruitment@gmail.com। খামের উপর প্রার্থীকে অবশ্যই আবেদিত পদের নাম উল্লেখ করতে হবে।

সংক্ষিপ্ত তালিকা আগামী ২০ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. বিকাল ৪.৩০ ঘটিকায় তৃণমূল উন্নয়ন সংস্থার প্রধান কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.trinamulchtd.org) প্রকাশ করা হবে। শুধুমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদের আগামী ২২ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিতব্য লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে। ইন্টারভিউ সেশনে অংশগ্রহণের জন্য সংস্থা কোন প্রকার টিএ/ডিএ প্রদান করবে না।

নারী ও প্রতিবন্ধি প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।

বিশেষ দৃষ্টব্য: কোন প্রার্থী নিয়োগ প্রক্রিয়ায় হস্তক্ষেপ বা প্রভাবিত করার চেষ্টা করলে তার প্রার্থীতা অযোগ্য বলে বিবেচনা করা হবে। কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যাবতীয় সিদ্ধান্ত, পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করে।

আহ্বায়ক
নিয়োগ কমিটি
তৃণমূল উন্নয়ন সংস্থা